গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
<u>সমন্বয় শাখা</u>

# আগস্ট ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মো: এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৬ আগস্ট ২০২৫
সময় : বেলা: ৪.০০ ঘটিকা
স্থান : এ বিভাগের সভাকক্ষ
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>৩০ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের লক্ষ্যে ইতোমধ্যে যে সকল উদ্যোগ নেয়া হয়েছে সেগুলো অব্যাহত রেখে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া, সওজ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর জনবল নিয়োগে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি প্রধান প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন। বিআরটিএ'র শূন্য থাকা পরিচালক পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। শূন্যপদ পূরণ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি জানান, নিজস্ব আয়ের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধ করতে হয়। তাছাড়া, অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটি নগদায়ন ইত্যাদি বাবদ বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে। এ পরিস্থিতিতে নিয়োগযোগ্য শূন্য পদসমূহে জনবল নিয়োগ করা হলে সকল কর্মকর্তা-কর্মচারিদের বেতন-ভাতাদি পরিশোধ দুরুহ হয়ে পড়বে বিধায় নিয়োগ কার্যক্রম আপাতত বন্ধ রাখা হয়েছে। | (ক) সকল গ্রেডের শূন্য পদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) পদোন্নতি যোগ্যদের প্রস্তাব যথাসময়ে দপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) সওজ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর জনবল নিয়োগের লক্ষ্যে দ্রুত উদ্যোগ নিতে হবে।<br>(ঘ) বিআরটিএ'র শূন্য থাকা পরিচালক পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(ঙ) বিআরটিসি'র আর্থিক সক্ষমতা বৃদ্ধি পেলে শূন্য পদসমূহে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/ (ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২৬৫ | ১১৫০ | ৫৫১৭ | ৫৯৮ | - | ৭২৬৫ | ১৮ | ৭২৪৭ |
| বিআরটিসি | ১১৭৬ | ১৯৬ | ৮৮০ | ১০০ | ৩৪ | ১২১০ | ০ | ১২১০ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ২৫ | ৮ | ১৭ | ০ | ৫ | ৩০ | ০ | ৩০ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | ০ | ০ | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৮ | ৫ | ৩ | ০ | ০ | ০৮ | ২ | ০৬ |
| মোট | ৮৯০৩ | ১৫২১ | ৬৬৮৪ | ৬৯৮ | ৩৪ | ৮৯৪২ | ২০ | ৮৯২২ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **জুন'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৯০৩ টি। জুলাই'২৫ মাসে ৩৪টি অডিট আপত্তি অন্তর্ভুক্ত এবং ২০টি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯২২টি।** | | |
| | অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার লক্ষ্যে করণীয় বিষয়ে আগস্ট ২৫ মাসে ডিএমটিসিএল-এ একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৮টি ত্রি-পক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এতদসংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত প্রশিক্ষণ শাখায় পত্র দেয়া হয়েছে। অডিট আপত্তির সংখ্যা নিষ্পত্তিকল্পে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সওজ অধিদপ্তরের পরিচালক (অডিট) এবং অন্যান্য দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সড়ক ভবনে দ্রুত সভা আয়োজনের জন্য সভাপতি উপসচিব (অডিট) এবং যুগ্মসচিব (বাজেট ও অডিট)-কে পরামর্শ প্রদান করেন। সওজ অধিদপ্তরের উল্লেখযোগ্য অডিট আপত্তি নিষ্পত্তি ও করণীয় বিষয়ে অভিজ্ঞ একজন কনসালটেন্ট নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া, বিআরটিএতে পরিচালক পদে অডিট ক্যাডারের ১ জন উপসচিবকে পদায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) অডিট আপত্তির সংখ্যা নিষ্পত্তিকল্পে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সওজ অধিদপ্তরের পরিচালক (অডিট) এবং অন্যান্য দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সড়ক ভবনে দ্রুত সভার আয়োজন করতে হবে।<br>(২) ত্রি-পক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>(৩) সওজ অধিদপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তি ও করনীয় বিষয়ে অভিজ্ঞ একজন কনসালটেন্ট নিয়োগের উদ্যোগ নিতে হবে।<br>(৪) বিআরটিএতে পরিচালক পদে অডিট ক্যাডারের ১ জন উপসচিবকে পদায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)<br><br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর<br><br>চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ) |
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, এডিপি ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত One RHD নামক, সফটওয়্যার চালু আছে। এ বিষয়ে জোনভিত্তিক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। অত্র বিভাগে উপস্থাপনার জন্য একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরি করা হয়েছে। | সফটওয়্যারের উপর এ বিভাগে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের আয়োজন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **গ. বৃক্ষরোপন:**<br>(১) প্রধান বৃক্ষপালনবিদ জানান, নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নির্দেশনা অনুযায়ী কাজ চলমান রয়েছে।<br>(২) গ্রেড-১১ ভুক্ত আরবরিকালচার সেকশনাল অফিসার ও গ্রেড-১২ ভুক্ত সহকারী গবেষণা কর্মকর্তা এর শূন্য পদ পূরণের প্রস্তাবের বিষয়ে পিএসসি'র সাথে যোগাযোগ করা হচ্ছে। | (১) বৃক্ষরোপনের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br>(২) আরবরিকালচারের শূন্যপদ পূরণের বিষয়ে পিএসসি'র সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ /প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| | **ঘ. টোল আদায়:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, টোল ও এক্সেল শাখা হতে জানানো হয়েছে, ৯টি বন্ধ টোলপ্লাজা চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বরাবর গত ২৪.০৮.২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | ৯টি বন্ধ টোলপ্লাজাসমূহ চালু করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |
| | **ঙ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(২) সহকারী সচিব (সম্পত্তি) জানান, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চাহিদা অনুযায়ী দাবীকৃত ২০২৪-২০২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর জেলা/উপজেলা ভিত্তিক BreakUp প্রেরণের জন্য ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, চেয়ারম্যান, বিআরটিসি ও চেয়ারম্যান, বিআরটিএ-কে গত ২৬.০৫.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। অদ্যাবধি কোনো তথ্য পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত আছে। | (১)(ক) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(২) সকল দপ্তর/সংস্থাকে বকেয়া ভূমি কর পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে এ বিভাগ হতে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>চ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। জুলাই ২০২৫ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:<br>
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৪৫</td><td>১৫</td><td>৫৬০</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১৬</td><td>৯</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮৭৪</td><td>২৬</td><td>৯০০</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ছ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শে জে.এল.নং-১৪ (সিটি জরিপ), ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে ১৬ এপ্রিল ২০২৩ তারিখে জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হয়। জেলা প্রশাসক সংশ্লিষ্ট প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকা-কে ১৪.০৮.২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>জ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ (দুই) একর জায়গা সিটি জরিপে জনৈক রেজাউল করিমের নামে করানো হয়। উক্ত জায়গা উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহুরুল ইসলামকে তাগিদ দেওয়া হয়েছে। আপীলের বিষয়টি নিশ্চিত করার জন্য এস্টেট ও আইন কর্মকর্তাকে সভায় নির্দেশনা দেয়া হয়।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারে আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং এ বিষয়ে দ্রুত আপীল দায়ের করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঝ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং ৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করনের লক্ষ্যে রিট নং ৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং ৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঞ. মাদারীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনা<br>সওজ অধিদপ্তরের অফিসের জায়গা ডিসি অফিস কর্তৃক খাস খতিয়ানভুক্ত করা হয়েছে। উক্ত জায়গার মালিকানা সওজ অধিদপ্তরের অনুকূলে ফিরিয়ে আনার বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>মাদারীপুর জেলায় সওজ অধিদপ্তরের অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঞ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, সারাদেশে অবৈধ স্থাপনা অপসারণে অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝিয়ে দেয়া হচ্ছে।</td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
</table>



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ড. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে থিমেটিক গ্রুপের মতামত পাওয়া গেছে। MFS ও ব্যাংকসমূহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে।</td><td>(১) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকা, MFS ও ব্যাংকসমূহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি)</td></tr>
<tr><td></td><td>ঢ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়া সওজ অধিদপ্তর হতে পাওয়া গেছে। গত ২৯.০৭.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।</td><td>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়ার উপর দ্রুত সভা আহবান করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ)</td></tr>
<tr><td>৫.</td><td><u>বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)</u><br>ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম চলমান রয়েছে। ২১.০৮.২০২৫ তারিখ পর্যন্ত মোট ২৪,৭৬,২৩৫ টি ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করা হয়ছে। বর্তমানে ৭,২৪,০৫৮ টি ড্রাইভিং লাইসেন্স পেন্ডিং রয়েছে। ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চলমান থাকায় জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম চলমান আছে। নিয়মিতভাবে ই-ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হচ্ছে।</td><td>ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম তরান্বিত করতে হবে এবং জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সি.সি এনালিস্ট</td></tr>
<tr><td></td><td>ঘ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিশ্ব ব্যাংকের অর্থায়নে Bangladesh Clean Air Project (BCAP) এর আওতায় ভিআইসি স্থাপনের কার্যক্রম বিষয়ে পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের ডিপিপি ও জনবল কাঠামোর প্রস্তাব সংশোধন করে ২১.০৭.২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।</td><td>০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের সংশোধিত ডিপিপি ও জনবল কাঠামোর প্রস্তাবের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>ঙ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। জুলাই ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:
<table>
<tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr>
<tr><td>৪২৭টি</td><td>৩৮০</td><td>৫৪২</td></tr>
</table>
(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, ২০২৫-২০২৫ অর্থবছরে জুলাই মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ৭,৪১১৮টি লিফলেট ও ৩,৭৭৮৪ টি পোস্টার/স্টিকার বিতরণ করা হয়েছে। এ কার্যক্রম বর্তমানে অব্যাহত আছে।<br><br>(৩) সিনিয়র সহকারী সচিব (রোড সেফটি) জানান, সড়ক নিরাপত্তা আইনের খসড়া সাব কমিটি কর্তৃক মূল কমিটির নিকট দাখিল করা হয়েছে। গত ১৮.০৮.২০২৫ তারিখে কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।</td><td>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে।<br><br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)</td></tr>
<tr><td></td><td>চ. মোবাইল কোর্ট পরিচালনা:<br>বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগীতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক জুলাই/২০২৫ মাসে মোট ২৮২৪টি মামলায় ৭১,২৪০৮০/- টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া ১২ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ৮৪টি গাড়ি ডাম্পিং করা করা হয়। এছাড়া, সারা দেশে জেলা প্রশাসনের সহযোগিতায় ৩৯১৮টি মামলায় ৬৫,০০,১৮০/- টাকা জরিমানা আদায় ও ৩৩টি গাড়ী ডাম্পিং করা হয়েছে। সারাদেশে জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের বিভাগভিত্তিক তথ্য নিম্নরূপ:</td><td>(১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ)</td></tr>
</table>



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>(</td><td>

জুলাই-২০২৫ মাসে সারাদেশে জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের প্রতিবেদন:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিভাগ/নগরের নাম</th><th>মামলা</th><th>জরিমানা</th><th>কারাদণ্ড</th><th>ডাম্পিং</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ঢাকা</td><td>৭০২</td><td>৮৩১১৫০.০০</td><td>০০</td><td>০০</td><td></td></tr>
<tr><td>২</td><td>চট্টগ্রাম</td><td>৬৫৭</td><td>১২৩৭৯০০.০০</td><td>০০</td><td>০৩</td><td></td></tr>
<tr><td>৩</td><td>রাজশাহী</td><td>৬১১</td><td>১০৪৩৮০০.০০</td><td>০০</td><td>০০</td><td></td></tr>
<tr><td>৪</td><td>খুলনা</td><td>৪৯৩</td><td>৮০৫৯০০.০০</td><td>০০</td><td>১৪</td><td></td></tr>
<tr><td>৫</td><td>বরিশাল</td><td>৮৭</td><td>২০৫৭০০.০০</td><td>০০</td><td>০১</td><td></td></tr>
<tr><td>৬</td><td>সিলেট</td><td>২৯৬</td><td>৫৫৪৩৫০.০০</td><td>০০</td><td>০৭</td><td></td></tr>
<tr><td>৭</td><td>রংপুর</td><td>৭১২</td><td>৯৮৮৬৮০.০০</td><td>০০</td><td>০০</td><td></td></tr>
<tr><td>৮</td><td>ময়মনসিংহ</td><td>৩৬০</td><td>৮২৯৭০০.০০</td><td>০০</td><td>০৮</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৩৯১৮</td><td>৬৫,০০,১৮০.০০</td><td>০০</td><td>৩৩</td><td></td></tr>
</table>

</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>ছ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:<br>চেয়ারম্যান,বিআরটিএ জানান, আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলোজির কোনো সমস্যা আছে কিনা তা সমাধানের নিমিত্ত সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, এনটিএমসি এবং সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠান বিএমটিএফ লি: ও সিএনএস লি: এর কারিগরি (Technical) প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ সভা আহবান করা হয়েছে। আরএফআইডি ট্যাগ এর কার্যকারিতা দেখতে টোল প্লাজায় স্থাপিত সিস্টেমে ও টেকনোলেজি সরেজমিনে পরিদর্শনের জন্য সভাপতি সওজ অধিদপ্তর এবং বিআরটিএ'র কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।</td><td>আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলজির কোনো সমস্যা আছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করে দেখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ</td></tr>
<tr><td>৬.</td><td>বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:<br>ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, গত ১৪/৭/২০২৫ তারিখে Technical Inspection and Acceptance Committee (TIAC) এর অনুষ্ঠিত ১ম পরিদর্শনকালে ইঞ্জিনসহ চেসিসের স্পেসিফিকেশনের সাথে পরিলক্ষিত বৈসাদৃশ্যসমূহ সাপ্লাইয়ার কর্তৃক যথাযথভাবে সরবরাহ করা হয়েছে কিনা সে বিষয়ে গত ১৬/৮/২০২৫ তারিখে কমিটি'র ২য় পরিদর্শন অনুষ্ঠিত হয়। কমিটি কর্তৃক ২য় পরিদর্শনকালে বৈসাদৃশ্যসমূহ সাপ্লাইয়ার কর্তৃক যথাযথভাবে সরবরাহ করা হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বর্ণিত ০২টি একতলা বাসের ইঞ্জিনসহ চেসিস গ্রহণের বিষয়ে সুপারিশ করা হয়েছে। অতি শীঘ্রই বাস প্রস্তুতের পরবর্তী কার্যক্রম শুরু করা হবে।</td><td>প্রক্রিয়া সম্পন্ন করে গাড়ী প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে।</td><td>চেয়াম্যান, বিআরটিসি</td></tr>
<tr><td></td><td>খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র জন্য সিএনজি একতলা এসি বাস সংগ্রহ শীর্ষক প্রকল্পের আওতায় ৩৪০টি এসি বাস ক্রয়ের লক্ষ্যে প্রস্তুতকৃত দরপত্র সংশোধনপূর্বক Exim Bank of Korea বরাবর ২৩/৭/২০২৫ তারিখে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।</td><td>সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।</td><td>চেয়াম্যান, বিআরটিসি</td></tr>
<tr><td></td><td>গ. বিআরটিসি'র স্মার্ট স্কুল বাস সার্ভিস<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, শিক্ষার্থীদের যাতায়াত সহজ ও নির্বিঘ্ন করার নিমিত্ত স্কুল বাস সার্ভিস চালুর বিষয়ে গত ০১/৬/২০২৫ তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিআরটিসি'র প্রতিনিধি হিসেবে ডেপুটি জেনারেল ম্যানেজার (অপারেশন) উপস্থিত ছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের এ সংক্রান্ত নীতিমালা প্রস্তুতির কার্যক্রম গ্রহণ করেছেন।</td><td>ঢাকা সিটিতে স্মার্ট স্কুল বাস সার্ভিস চালুর লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়াম্যান, বিআরটিসি</td></tr>
<tr><td></td><td>ঘ. গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ প্রদান বিষয়ে প্রকল্প গ্রহণ:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ প্রদান বিষয়ে নিম্নলিখিত প্রকল্পগুলো গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। প্রকল্পগুলো জিওবি ও বিদেশি উন্নয়নসহযোগী প্রতিষ্ঠান অর্থায়ন করবে। প্রকল্পগুলো বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন।<br>১) ভারী যানবাহন চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান।<br>২) মোটরযান চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান।<br>৩) বিআরটিসি'র জন্য ইলেকট্রিক সিঙ্গেল ডেকার এসি বাস সংগ্রহ (EDCF)<br>৪) বিআরটিসি'র জন্য ইলেকট্রিক সিঙ্গেল ডেকার এসি বাস সংগ্রহ (LOC)<br>৫) বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ (GOB)<br>৬) বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক চার্জিং স্টেশন স্থাপন (KIAT)<br>৭) বিআরটিসি'র জন্য ইলেকট্রিক এবং ডিজেল সিঙ্গেল ডেকার এসি বাস, কার্গো ট্রাক এবং</td><td>বিআরটিসি'র প্রকল্প গ্রহণ ও অনুমোদন প্রাপ্তির বিষয়ে এ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিসি/অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | রেকার সংগ্রহ (LOC)<br>৮) বিআরটিসির জন্য কাভার্ড ভ্যান ও এসি মিনিবাস (কোস্টার) সংগ্রহ। | | |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে গত ১৭.০৮.২০২৫ তারিখ Special Purpose Company (SPC) গঠন বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট শাখা হতে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | Special Purpose Company (SPC) গঠনের বিষয়ে প্রাপ্ত প্রস্তাবের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>উপসচিব (ডিটিসিএ) জানান, গত ২৯/০৭/২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল জানান, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। The Universal Ticketing System (UTS) for Single Journey on Dhaka Metro Rail Line-6 বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬/০৫/২০২৫ তারিখ পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গত ২৫/০৬/২০২৫ তারিখে বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়ের সময়সীমা ২৯/০৬/২০২৫ তারিখের পরিবর্তে ২০/০৭/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। বর্তমানে দরপত্র সমূহের কারিগরি মূল্যায়নের কাজ চলমান আছে। QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট ছাড়াও এ পদ্ধতিতে ডেবিট ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল কোম্পানী (বিকাশ, রকেট) এর ব্যবহারের মাধ্যমে সিঙ্গেল জার্নি টিকেট ক্রয়ের সুবিধা চালুর কার্যক্রম অব্যাহত রয়েছে। | QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ঢাকা বিআরটি হতে জানানো হয়েছে, বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবরুপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প-এর নিচের পিয়ার-৪ হতে পিয়ার-১১ পর্যন্ত জায়গার সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।<br>বাস টার্নিং ও এন্ট্রি-এক্সিট প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/ সংস্থার কাছ থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। তবে বিমানবন্দর স্টেশন এর পাশের সওজ এর অধিগ্রহণকৃত জায়গাটি টার্মিনালের জন্য উপযোগী মর্মে 'ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি'-কে অবহিত করা হয়েছে। একই সাথে সওজ এর অধিগৃহণকৃত ১২০৩ নং দাগের অবশিষ্ট জায়গারও সার্ভে করে একটি পার্কি লে-আউট প্রস্তুত করা হয়েছে। | বিআরটি বাস টার্মিনালের জায়গা পেতে 'ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি' ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে দ্রুত বাস টার্মিনালের জায়গা নির্ধারণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিআরটি বাস পরিচালনার জন্য অর্ন্তবর্তীকালীন অপারেটর হিসেবে বিআরটিসি-কে নিয়োগের বিষয়টি পর্ষদ সভায় উপস্থাপন করা হয়েছে। পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান, বিআরটিসি'র সাথে একটি সভা আহবানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | বিআরটিসি'র সাথে আলোচনা করে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **গ. বিআরটিএ করিডোরে টোল আদায়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, গত ০২.০১.২০২৫ তারিখে অনুষ্ঠিত টোল চালুকরণ সংক্রান্ত সভায় বিআরটি করিডোরে ১০০ টাকা হারে টোল চালুর বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ১৪.০৬.২০২৫ তারিখে তা ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। বিআরটি করিডোরে মেটাল ফেন্সিং স্থাপন ও সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা প্রণয়নের জন্য DMP এবং GMP এর সহিত সমন্বয় সাধন এবং টোল আদায় কার্যক্রম সম্পর্কে জনগণ কে অবহিত করার জন্য প্রচার-প্রচারণার অনুরোধ জানিয়ে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে।<br>বিআরটিএ করিডোরে গাড়ী চলাচল এবং টোল আদায়ের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা আয়োজনে জন্য ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটিকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিআরটি করিডোরে গাড়ী চলাচল এবং টোল আদায়ের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/উপসচিব (টোল ও এক্সেল) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, জুলাই ২০২৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৪১টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ২৩টিসহ মোট ৭৩টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির বিষয়ে উল্লেখযোগ্য সংখ্যক অভিযোগ পাওয়ায় বিষয়গুলো বিআরটিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করা হয়। বিষয়গুলো যাতে গুরুত্বের সাথে দেখা হয় এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিএ'র দৃষ্টি আকর্ষণ করা হয়। | (১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির বিষয়ে প্রাপ্ত অভিযোগসমূহ গুরুত্বের সাথে দেখতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট<br><br>চেয়ারম্যান, বিআরটিএ |
| | **খ. Public Service Innovation:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিআরটিএ'র যাবতীয় ফি, টোল ফি এবং জরিমানার ফি অটোমেটিক আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন বিষয়ে গত ১৭.০৮.২০২৫ তারিখে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। | বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্তসমূহ গার্ড ফাইলে সংরক্ষণ এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও তা ফলোআপের বিষয়ে সভায় আলোচনা হয়। | উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্তসমূহ গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে এবং বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নিয়মিত ফলোআপ করতে হবে। | উইং প্রধান (সকল)/ উপসচিব (সমন্বয়) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) জানান গত ২০২৪-২০২৫ অর্থবছরে বিআরটিসিতে ইন্টার্নশীপ সম্পন্নকারীগণ সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি উপস্থাপনা প্রদান করেছেন। ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম দ্রুত শুরুর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br>(২) ইন্টার্ন নিয়োগের বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (প্রশিক্ষণ)/ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>(১) এ বিভাগের ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুমোদিত হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণ আয়োজন করা হবে। দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার এ বিভাগে পাওয়া গিয়েছে। অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলে কিছু সংযোজন/বিয়োজন করার জন্য দপ্তর/সংস্থা বরাবর পত্র প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে।<br><br>(২) বিদেশে পড়াশুনা ও শর্ট ট্রেনিং করে দেশে ফেরৎ কর্মকর্তাদের অর্জিত জ্ঞানের উপর প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার সংযোজন/ বিয়োজন হয়ে এ বিভাগে ফেরৎ আসা মাত্র দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে।<br>(২) বিদেশে পড়াশুনা ও শর্ট ট্রেনিং করে দেশে ফেরৎ কর্মকর্তাদের অর্জিত জ্ঞানের উপর প্রতিবেদন দাখিল করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশিক্ষণ)/এ বিভাগের সকল কর্মকর্তা |
| | **ঘ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখা পড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নির্দেশিকা সওজ অধিদপ্তর কর্তৃক বাংলায় প্রণয়ন করা হয়েছে এবং নির্দেশিকাটি পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে কমিটি গঠনের প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।<br>(২) বিআরটিসি হতে জানানো হয়েছে, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ৩০ জন এবং সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের ০৪ জন শিক্ষার্থীর ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট গাজীপুরস্থ সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানায় ১৯ আগস্টের পরিবর্তে ২৮ আগস্ট ২০২৫ তারিখ থেকে শুরু হবে। এছাড়াও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অটোমোবাইল টেকনোলজির ৮ম পর্বের ০৮ (আট) জন ছাত্র-ছাত্রীর শিল্প কারখানায় ১২ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ তেজগাঁওস্থ বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় শুরু করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) নির্দেশিকা পর্যালোচনা ও চূড়ান্ত করার জন্য একটি কমিটি গঠন করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী, সওজ |



CS CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের বিষয়টি অব্যাহত রাখার নিমিত্ত চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে মোট ৭টি বিশেষ লার্নিং সেশন অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুমোদন ও বাজেটের অর্থছাড়ের পর কার্যক্রম শুরু করা হবে। | (৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | |
| | **ঙ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>এ বিভাগের শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩.০৬.২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সওজ অধিদপ্তর হতে পুনরায় প্রস্তাব প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত হয়। | ০৩.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **চ. সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>জনসাধারণ উপকৃত হতে পারে বা সমাজে ইতিবাচক প্রভাব পড়তে পারে সওজ অধিদপ্তরের এমন একটি কাজ বা সিস্টেমকে সংস্কার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জনসাধারণ উপকৃত হতে পারে বা সমাজে ইতিবাচক প্রভাব পড়তে পারে সওজ অধিদপ্তরের এমন একটি কাজ বা সিস্টেমকে সংস্কারের আওতায় আনতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সংস্কার প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **ছ. সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>উপসচিব (সমন্বয়) জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক প্রেরিত একটি উপানুষ্ঠানিক পত্রে জানানো হয়েছে যে, Rules of Business 1996 এর ব্যত্যয় ঘটিয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ পদ সৃজন ব্যতীত জনবল নিয়োগ, পদ সৃজনের সকল ধাপ সম্পন্ন না করেই জনবল নিয়োগ, ভুতাপেক্ষভাবে পদ সৃজন/সংরক্ষণের প্রস্তাব প্রেরণ, যানবাহন টিওএন্ডইভুক্তকরণ ব্যতীত ক্রয়, প্রকল্প শেষে যানবাহন পরিবহন পুলে জমা প্রদান না করা, পদমর্যাদা উন্নীতকরণ এবং মন্ত্রণালয়/বিভাগ এর সাংগঠনিক কাঠামো/যুগোপযোগী/হালনাগাদ না করার কাজ করছে। তাই মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম Rules of Business 1996 অনুযায়ী পরিচালনা এবং আওতাধীন দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামে নিয়মিত হালনাগদ করার অনুরোধ করা হয়েছে। Rules of Business 1996 অনুযায়ী অফিসের কার্যক্রম পরিচালনা এবং এ বিভাগসহ দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো হালনাগাদকরার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ প্রত্যেকটি কার্যালয়ের সাংগঠনিক কাঠামো হালনাগাদ করতে হবে। | দপ্তর সংস্থা প্রধান (সকল)/অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **জ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে পরিকল্পনা গ্রহণে উপদেষ্টা মহোদয়ের পরামর্শ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা পরিপালনের জন্য পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে এবং উদ্যোগ এ বিভাগকে অবহিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭।৯।২৫

মো: এহছানুল হক
সিনিয়র সচিব



CamScanner

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-৩৪৭

তারিখঃ ০২ অশ্বিন ১৪৩২
১৭ সেপ্টেম্বর ২০২৫

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ


১৭.০৯.২৫
হাবিবুল হাসান রুমি
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd


E:\cordination\Regulation\কার্যবিবরণী August 2025.doc



CamScanner